



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬১/

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয় : পদত্যাগজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন দলদলিয়া সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আলমগীর হোসেন গত ২৪.০৭.২০২০ইং পদত্যাগ করায় পদটি শূন্য হয়। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে জনাব মোঃ সাইদুল ইসলাম, পিতা-মৃত আনছার আলী-কে সভাপতি নির্বাচন করা হয়।


বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গত ২৩/১২/২০১৮খ্রিঃ তারিখের নং বামাশিবো/প্রশা/২২৪১৮১২২৬৬৮১/১৪৬১৯/নথি নং -১৬১ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির প্রজ্ঞাপন অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ সাইদুল ইসলাম, পিতা-মৃত আনছার আলী-কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


৩০.০৯.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার
দলদলিয়া সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা
উলিপুর, কুড়িগ্রাম।



৩০/৯/২০২০

নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬১/

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৪. জনাব মোঃ সাইদুল ইসলাম, সভাপতি, ম্যানেজিং কমিটি, দলদলিয়া সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., উলিপুর, কুড়িগ্রাম;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


৩০/৯/২০২০

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৬৭৪৮৭৪


৩০/৯/২০২০